দৈনিক ইত্তেফাক

তারিখ ৩১/০২/০২
পৃষ্ঠা ৮ ..... ৭

# এসএসসি ও দাখিল পরীক্ষা ☐ ১ হাজার পরীক্ষার্থী ২৮ শিক্ষক বহিষ্কার ☐ ১৩ গ্রেফতার

**স্টাফ রিপোর্টার ঃ** এসএসসি ও দাখিল পরীক্ষার তৃতীয় দিনে নকলের দায়ে গতকাল সারাদেশে প্রায় এক হাজার পরীক্ষার্থী এবং ২৮ জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। এছাড়া একজন মাদ্রাসা প্রিন্সিপালসহ ৩ শিক্ষক, ৮ ছাত্র ও ১ কর্মচারীকে গ্রেফতার করা হয়েছে। পাবনায় এসএসসির একটি কেন্দ্র বাতিল ও ৫ শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। গতকাল এসএসসির বাংলা ১ম পত্র, ভোকেশনালের বাংলা ২য় পত্র এবং দাখিলের ফিকহ ও উসুলে ফিকহ বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়। সারাদেশে শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হলেও কতিপয় শিক্ষকের সহায়তায় কিছু কিছু কেন্দ্রে বিচ্ছিন্নভাবে নকলসহ নানা অনিয়মের ঘটনা ঘটে। নকলের দায়ে রাজশাহী বোর্ডে ১১ শিক্ষকসহ ২৭৫ পরীক্ষার্থী, ঢাকা বোর্ডে ৩ শিক্ষকসহ ৮০ পরীক্ষার্থী, চট্টগ্রামে ৫৬ জন, কুমিল্লায় ৪৯ জন, বরিশালে ২ শিক্ষকসহ ১৬ জন, যশোরে ১৩ জন, সিলেট বোর্ডে ৬ জন, মাদ্রাসা বোর্ডে ১১ শিক্ষকসহ ৪৯১ জন এবং কারিগরি বোর্ডে ৫৬ জন পরীক্ষার্থীকে গতকাল বহিষ্কার করা হয়। ঢাকা বোর্ডে দরিরামপুরে ১ জন ও গফরগাঁওয়ে ২ জন শিক্ষককে বহিষ্কার করা হয়। রাজশাহীর দুর্গাপুর পাইলট স্কুল কেন্দ্রে বাইরে থেকে উত্তর লিখে এনে তা মূল খাতায় ঢোকানোর সময় ১ শিক্ষক, ২ ছাত্র ও ১ পিয়নকে গ্রেফতার করে মামলা দায়ের করা হয়েছে। পাবনার আতাইকোলা কেন্দ্রে উত্তরপত্র বাইরে নিয়ে লিখে আনার সুযোগ দেয়ায় এ কেন্দ্র বাতিল করা হয়েছে। ময়মনসিংহে ১ জন মাদ্রাসা প্রিন্সিপালসহ ৪ ছাত্রকে গ্রেফতার করা হয়েছে। তাছাড়া মাদ্রাসা বোর্ডের দাখিল পরীক্ষায় নওগাঁয় ৬ জন, রংপুরে ১ জন, ময়মনসিংহে ২ জন ও চাঁপাইনবাবগঞ্জে ২ জন শিক্ষক গতকাল বহিষ্কার করা হয়। (৭-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

করেন।

## এসএসসি ও দাখিল পরীক্ষা

৮-এর পৃষ্ঠার পর,

পাবনা জেলা সংবাদদাতা জানান, আতাউকুলা পরীক্ষা কেন্দ্র থেকে উত্তরপত্রের খাতা বাইরে নিয়ে লিখে পরে জমা দেয়ার ঘটনা ধরা পড়ায় পাবনার জেলা প্রশাসক একেএম জাহাঙ্গীর নির্বাহী আদেশে উক্ত এসএসসি পরীক্ষা কেন্দ্রটি বাতিল করে তা পাবনার মহিলা সরকারী কলেজে স্থানান্তর করেছেন। সূত্রমতে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উত্তরপত্র পরিবর্তন ও নম্বর জালিয়াতির প্রভাব এবার শিক্ষা বোর্ড কর্তৃক নিয়মিত এসএসসি পরীক্ষায়ও এভাবে পড়তে শুরু করেছে। এদিকে এসএসসি পরীক্ষার ৩য় দিনে ৪ জনকে নকল করার অভিযোগে বহিষ্কার করা হয়েছে।

ময়মনসিংহ জেলা সংবাদদাতা জানান, গতকাল দাখিল পরীক্ষা চলাকালে ত্রিশালের আব্বাসিয়া মাদ্রাসা কেন্দ্রে ১ জন প্রিন্সিপালসহ ৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার ও গ্রেফতার করা হয়েছে। জানা যায় ত্রিশাল উপজেলা সদরে আব্বাসিয়া ফাজিল মাদ্রাসা কেন্দ্রে কর্তব্যরত ম্যাজিস্ট্রেট ও নকল করার দায়ে পরীক্ষার্থী ওমর ফারুক, হেলাল, আনোয়ার ও গফরগাঁও উপজেলার জেএম ফাজিল মাদ্রাসার একরামকে বহিষ্কার এবং গ্রেফতার করে। অপরদিকে ত্রিশাল কেন্দ্রের খাখাটি জামতলী ফাজিল মাদ্রাসার প্রিন্সিপাল মাওলানা ওবায়দুর রহমানকে উক্ত ৩ জন বহিষ্কৃত পরীক্ষার্থীকে উত্তরপত্র ফিরিয়ে দেয়ার চেষ্টা করার অপরাধে কর্তব্যরত ম্যাজিস্ট্রেট তাকে গ্রেফতার করে। এছাড়া ময়মনসিংহ জেলায় এসএসসি পরীক্ষায় ৩৬ জনকে বহিষ্কার এবং পাটুরী রহমত উল্লাহ উচ্চ বিদ্যালয়ের লিয়াকত, আলমগীরকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়েছে।

রাজশাহী অফিস জানায়, এসএসসি পরীক্ষার তৃতীয় দিনে বাংলা প্রথমপত্রে রাজশাহী বোর্ডের ১৬টি জেলায় ২৭৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। জেলাওয়ারি বহিষ্কৃতরা হল রাজশাহীতে ১৫ জন, নবাবগঞ্জে ৪ জন, নাটোরে ১১ জন, নওগাঁয় ৭ জন, রংপুরে ৩৫ জন, লালমনিরহাটে ২ জন, গাইবান্ধায় ২৯ জন, কুড়িগ্রামে ২৯ জন, নীলফামারীতে ৯ জন, দিনাজপুরে ৬২ জন, পঞ্চগড়ে ৭ জন, ঠাকুরগাঁয়ে ১৫ জন, বগুড়ায় ৮ জন, জয়পুরহাটে ৫ জন, পাবনায় ৬ জন এবং সিরাজগঞ্জে ৩১ জন।

নওগাঁ জেলা সংবাদদাতা জানান, এসএসসি পরীক্ষার ৩য় দিনে বাংলা ১মপত্র পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে নওগাঁয় ৪৭টি পরীক্ষা কেন্দ্র থেকে ৪৮ জন পরীক্ষার্থীকে ও সদরের ২ জন এবং ধামইরহাট কেন্দ্র থেকে ৪ জনসহ মোট ৬ জন শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।